সাংবাদিক মুজাক্কির হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

নোয়াখালীর কোম্পানীগঞ্জে আ. লীগের দু’পক্ষের সংঘর্ষ চলাকালে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সন্ত্রাসীদের গুলিতে নিহত সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার প্রতিবাদ ও মূল হোতাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের আয়োজনে স্থানীয় পৌর বাজার পায়রা চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার পেশাজীবী সাংবাদিকরা অংশ নেয়। বক্তারা সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার মূল হোতাদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে সারাদেশে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি অনুরোধ জানান।
এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল, সহ-সভাপতি আলামগীর খাঁন, সাংবাদিক ইসমাঈল হোসেন, রিপোটার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার, উপজেলা সাংবাদিক ইউনিয়ন (কেইউজে) সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খাঁন, সহ-সভাপতি আজিজুল হক, সিনিয়র সদস্য শামীম রেজা, কোটচাঁদপুর রিপোটার্স ইউনিটির যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ বাশারসহ রিপোটার্স ইউনিটির সদস্যবৃন্দ।
প্রসঙ্গত গত ১৯ ফেব্রুয়ারি সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির নোয়াখালীর চাপরাশির হাট বাজারে আ. লীগের দু’গ্রুপের সংঘর্ষের সময় পেশাগত দায়িত্ব পালনকালে গুলিবিদ্ধ হয়ে গুরতর আহত হন। পরে তাকে উন্নত চিকিৎসাল জন্য ঢাকা মেডিক্যালে নেয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত ২০ ফেব্রুয়ারি তিনি মারা যান।

এবার পিসিবির চুক্তি প্রত্যাখ্যান হাফিজের

পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সঙ্গে দেশটির অভিজ্ঞ অলরাউন্ডার মোহাম্মদ হাফিজের দ্বন্দ্ব যেন থামার নয়।

এবার পিসিবির কেন্দ্রীয় চুক্তির প্রস্তাব ফিরিয়ে দিয়েছেন তিনি।

গত মৌসুমে কেন্দ্রীয় চুক্তি থেকে হাফিজকে বাদ দেয় পিসিবি। এরপর গত সেপ্টেম্বরে পিসিবি তাকে এক লাখ রুপির বেশি বেতনের লোভনীয় প্রস্তাব দিলে ক্ষোভে তা প্রত্যাখ্যান করেন হাফিজ।

আর এবার চুক্তি ফিরিয়ে দিলেন তিনি নিজেই।

এর কারণ হিসেবে জানা গেছে– ২০২০-২১ মৌসুমের চুক্তিতে ৪০ বছর বয়সী এই ক্রিকেটারকে ‘সি’ ক্যাটাগরিতে রেখেছিল পিসিবি। বিষয়টিতে ক্ষুব্ধ হয়ে চুক্তির প্রস্তাবে সাড়া দেননি এই সাবেক পাক অধিনায়ক।

টি-টোয়েন্টি ফরম্যাটে সাফলের দিক থেকে শীর্ষে রয়েছে পাকিস্তান। আর সেখানের সেরা পারফরমারদের একজন মোহাম্মদ হাফিজ। ২০১৯ বিশ্বকাপের পর থেকে পাকিস্তানের হয়ে কেবল এই সংক্ষিপ্ত ফরম্যাটেই খেলছেন এ অলরাউন্ডার।

এই সংস্করণে দুর্দান্ত ব্যাট করে যাচ্ছেন। সবশেষ ৯ ইনিংসে করেছেন পাঁচটি অর্ধশতক। এই সময়ে বিশের নিচে আউট হয়েছেন কেবল দুবার।

আর এমন পারফরমারকে কিনা ‘সি’ ক্যাটাগরির চুক্তির প্রস্তাব দিল পিসিবি!

এদিকে এক দশক পর টেস্ট দলে ফিরে দারুণ পারফরম্যান্স দেখিয়ে পিসিবির কেন্দ্রীয় চুক্তিতে ঢুকে পড়েছেন ফাওয়াদ আলম। ‘সি’ ক্যাটাগরি পেয়েছেন তিনি।

সম্প্রতি একের পর এক সেঞ্চুরি হাঁকানো উইকেটকিপার-ব্যাটসম্যান মোহাম্মদ রিজওয়ানকে ‘এ’ ক্যাটাগরিতে রেখেছে পিসিবি।
সর্বোচ্চ এই ক্যাটাগরিতে আরও আছেন- অধিনায়ক বাবর আজম, সাবেক অধিনায়ক আজহার আলি ও ফাস্ট বোলার শাহিন শাহ আফ্রিদি।

২০২০-২১ মৌসুমে পিসিবির কেন্দ্রীয় চুক্তি:

‘এ’ ক্যাটাগরি: আজহার আলি, বাবর আজম, মোহাম্মদ রিজওয়ান, শাহিন শাহ আফ্রিদি।

‘বি’ ক্যাটাগরি: আবিদ আলি, আসাদ শফিক, হারিস সোহেল, মোহাম্মদ আব্বাস, সরফরাজ আহমেদ, শাদাব খান, শান মাসুদ, ইয়াসির শাহ।

‘সি’ ক্যাটাগরি: ফখর জামান, ফাওয়াদ আলম, ইফতিখার আহমেদ, ইমাদ ওয়াসিম, ইমাম-উল-হক, নাসিম শাহ, উসমান শিনওয়ারি।

ইমার্জিং ক্যাটাগরি: হায়দার আলি, হারিস রউফ, মোহাম্মদ হাসনাইন।

তথ্যসূত্র: হিন্দুস্তান টাইমস

মমতাকে চিঠি পশ্চিমবঙ্গকে স্বাধীন রাষ্ট্র ঘোষণা করতে

বিধানসভা নির্বাচন নিয়ে উত্তেজনার মধ্যেই এবার পশ্চিমবঙ্গকে স্বাধীন রাষ্ট্র হিসেবে ঘোষণা করতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দেওয়া হয়েছে।

খালিস্তানপন্থি ‘শিখস ফর জাস্টিস’ (এসএফজে) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে এ চিঠি দিয়েছে। একই চিঠি পাঠানো হয়েছে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের কাছেও।

চিঠিতে শিখ সংগঠনটির পক্ষ থেকে দাবি করা হয়, বাংলার সম্পদকে সব দিক দিয়ে ধ্বংস করছে কেন্দ্রীয় সরকার। নিজেদের পরিচিতি, আদর্শ, সংস্কৃতি বাঁচিয়ে রাখতে হলে পশ্চিমবঙ্গের উচিত ভারত থেকে আলাদা হয়ে স্বাধীন একটি রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করা।

খালিস্তানিদের যুক্তি– রাজ্যের আইনসভায় একতরফা আইন পাস করে ভারতীয় ভূখণ্ড থেকে আলাদা হয়ে যেতে পারে বাংলা। এ পদক্ষেপ নিলে বিষয়টি আন্তর্জাতিক মঞ্চে পৌঁছে যাবে। তখন ভারতকে চাপে ফেলে

আন্তর্জাতিক আদালতে এ মামলা চালানো যাবে।

বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চালানোর অভিযোগে ভারত শিখ সংগঠন ‘শিখস ফর জাস্টিস’ নিষিদ্ধ করা হয়েছে। দিল্লির কৃষক আন্দোলনে লালকেল্লায় সহিংসতার নেপথ্যে খালিস্তানিদের সংশ্লিষ্টতারও অভিযোগ ওঠে।

মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশাপাশি একই ধরনের চিঠি পাঠানো হয়েছে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের কাছেও। শুধু তাই নয়, পৃথক রাষ্ট্র হলে তারা দুজনই প্রধানমন্ত্রী হতে পারবেন বলেও প্রস্তাব দিয়েছেন খালিস্তানিরা।

আজকের ২৫ ফেব্রুয়ারি: ইতিহাসে সেই দিন

২০০৯ সালের এই দিনে ঢাকার পিলখানায় বিডিআর বিদ্রোহের কারণে প্রাণ হারান ৫৭ সেনা কর্মকর্তাসহ ৭৩ জন।
আজ ২৫ ফেব্রুয়ারি, ২০২১, বৃহস্পতিবার। ১২ ফাল্গুন, ১২২৭। জেনে নেই ইতিহাসে আজকের এই দিনে ঘটে যাওয়া উল্লেখযোগ্য ঘটনা, জন্ম ও মৃত্যু-

ঘটনাবলি:
১৩৮ – রোমান সম্রাট হাড্রিয়ান কর্তৃক এন্টোনিয়াস পাইয়াসকে দত্তক নেয়া হয়।
৬২৮ – দ্বিতীয় খসরু তার পুত্র দ্বিতীয় কাভাদ কর্তৃক ক্ষমতাচ্যুত হন।
১৫৮৬ – সম্রাট আকবরের সভাকবি বীরবল নিহত হন।
১৭৫৩ – বৃটিশ চিকিৎসক রিচার্ড হকিস্টি এস্কোরবেট রোগ নিরাময়ের উপায় আবিস্কার করেন।
১৭৭৪ – ক্রিকেট খেলার আইন-কানুন সূত্রবদ্ধ হয়।
১৮৩৬ – স্যামুয়েল কোল্ট রিভলবারের পেটেন্ট পান।
১৮৪৭ – স্টেট ইউনিভার্সিটি অব আইওয়া প্রতিষ্ঠিত হয়।
১৮৬২ – মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম কাগজের মুদ্রা চালু হয়।

১৯০৮ – হাডসন নদীর নিচ দিয়ে প্রথম টানেল খুলে দেওয়া হয়।
১৯১৬ – প্রথম বিশ্বযুদ্ধে জার্মানরা ফোর্ট ডোয়ামন্ট দখল করে নেয়।
১৯২৬ – ফ্রান্সিসকো ফ্রাঙ্কো ফ্রান্সের জেনারেল মনোনীত হন। ১৯৩২ – এডলফ হিটলার জার্মানের নাগরিকত্ব লাভ করেন।
১৯৩৩ – জাপান লীগ অফ নেশনস্ পরিত্যাগ করে।
১৯৩৮ – লর্ড হ্যালিফ্যাঙ্ ব্রিটেনের পররাষ্ট্রমন্ত্রী হন।
১৯৪৫ – দ্বিতীয় বিশ্বযুদ্ধে তুরস্ক জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে।
১৯৪৫ – মার্কিন বিমান টোকিও আক্রমণ করে।
১৯৫৪ – জামাল আবদেল নাসের মিশরের প্রধানমন্ত্রী হন।
১৯৫৪ – সিরিয়ায় প্রেসিডেন্ট আদিব আল শিশাকলির স্বৈরাচারি সরকারের বিরুদ্ধে গণ-বিদ্রোহ শুরু হয়।
১৯৭২ – বাংলাদেশকে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া স্বীকৃতি দান করে। ১৯৭৭ – কুমিল্লার ময়নামতিতে ১৩শ’ বছর আগের স্বর্ণমুদ্রার সন্ধান পাওয়া যায়।
১৯৮৬ – ফিলিপাইনের স্বৈরাচারি শাসক ও ‘আজীবন প্রেসিডেন্ট’ ফার্ডিনান্ড মার্কোস সপরিবারে দেশ থেকে পালিয়ে যান।
১৯৮৬ – কোরাজন অ্যাকুইনো ফিলিপাইনের রাষ্ট্রপতি নির্বাচিত হন। ১৯৯১ – উপসাগরীয় যুদ্ধে ইরাকি স্কাড ক্ষেপনাস্ত্র সৌদি আরবের দাহরানে আমেরিকান সামরিক ঘাটিতে আঘাত করে ফলে ২৮জন আমেরিকান সেনা নিহত হয়।
১৯৯১ – মার্কিন নেতৃত্বাধীন মিত্র বাহিনীর হাতে ২০ হাজার ইরাকি সেনা বন্দী হয়।
১৯৯১ – ন্যাটো জোটের প্রতিদ্বন্দ্বি ওয়ারশো জোটের দেশগুলো এই সামরিক জোটকে বিলুপ্ত ঘোষণা করেন।
১৯৯৪ – অধিকৃত ফিলিস্তিনের আলখলিল শহরে হযরত ইব্রাহীম (আঃ)’র মাজারে একজন উগ্র ইহুদিবাদী নামাজরত রোজাদারদের ওপর গুলি চালালে ২৯ জন শহীদ এবং আরো অনেক ফিলিস্তিনী আহত হয়।
২০০৯ – ঢাকার পিলখানায় বিডিআর বিদ্রোহের কারণে প্রাণ হারান ৫৭ সেনা কর্মকর্তাসহ ৭৩ জন।

জন্ম:

১৬৪৩ – দ্বিতীয় আহমেদ, তিনি ছিলেন অটোমানের সুলতান জন্মগ্রহণ করেন ।
১৬৪৪ – ইংরেজ উদ্ভাবক টমাস নিউকমেন জন্মগ্রহণ করেন ।

১৭৭৮ – আর্জেন্টাইন জেনারেল, রাজনীতিবিদ ও পেরুর ১ম রাষ্ট্রপতি হোজে ফ্রান্সিসকো দে সান মার্টিন জন্মগ্রহণ করেন।
১৮৪১ – ফরাসি চিত্রশিল্পী ও ভাস্কর পিয়ের-অগ্যুস্ত রেনোয়া জন্মগ্রহণ করেন।
১৮৪২ – জার্মান লেখক কবি ও নাট্যকার কার্ল মে জন্মগ্রহণ করেন। ১৮৫৫ – অস্ট্রেলীয় ক্রিকেটার জর্জ জন বোনর জন্মগ্রহণ করেন।
১৮৬৬ – ইতালীয় দার্শনিক ও রাজনীতিবিদ বেনেডেটো ক্রকে জন্মগ্রহণ করেন।
১৮৭৩ – ইতালিয়ান আমেরিকান অভিনেতা এনরিকো কারুসো জন্মগ্রহণ করেন।
১৯০৭ – তুর্কি সাংবাদিক, লেখক ও কবি সাবাহাতিন আলী জন্মগ্রহণ করেন।
১৯১৭ – ইংরেজ লেখক, কবি, নাট্যকার ও সমালোচক অ্যান্থনি বার্জেস জন্মগ্রহণ করেন।
১৯২৪ – ইংরেজ-আমেরিকান জীববিজ্ঞানী হিউ হাক্সলি জন্মগ্রহণ করেন। ১৯৪৩ – বিংশ শতাব্দীর অত্যন্ত প্রতিভাবান একজন জনপ্রিয় গায়ক ও গিটারিস্ট জর্জ হ্যারিসন জন্মগ্রহণ করেন।
১৯৪৮ – ইতালিয়ান লেখক আলডো বুসি জন্মগ্রহণ করেন।
১৯৫৩ – স্পেনীয় শিক্ষাবিদ, রাজনীতিবিদ হোসে মারিয়া আযনার জন্মগ্রহণ করেন।
১৯৫৫ – হলিউড অভিনেত্রী লিয়ান হানলেই জন্মগ্রহণ করেন।
১৯৭১ – আমেরিকান অভিনেতা, পরিচালক ও প্রযোজক সেয়ান আস্টিন জন্মগ্রহণ করেন।
১৯৭৪ – আমেরিকান অভিনেত্রী লরি ফর্টিয়েই জন্মগ্রহণ করেন।
১৯৮১ – দক্ষিণ কোরীয় ফুটবল খেলোয়াড় পার্ক জি-সুং জন্মগ্রহণ করেন।
১৯৮১ – বলিউড অভিনেতা শহীদ কাপুর জন্মগ্রহণ করেন।
১৯৮৬ – হ্যারি পটার খ্যাত অভিনেতা অলিভার ফেলপস জন্মগ্রহণ করেন। ১৯৮৭ – হলিউড অভিনেত্রী নাটালি ড্রেইফেস জন্মগ্রহণ করেন।
১৯৯০ – ব্রাজিলিয়ান ফুটবল খেলোয়াড় জেফারসন আল্ভেস অলিভেইরা জন্মগ্রহণ করেন।
১৯৯৭ – আমেরিকান অভিনেত্রী ইসাবেল ফুহরমান জন্মগ্রহণ করেন।

মৃত্যু:

১৪৯৫ – উসমানীয় রাজনীতিবিদ সুলতান জেম মৃত্যুবরণ করেন।
১৬৩৪ – অস্ট্রীয় সাধারণ ও রাজনীতিবিদ আলব্রেশট ভন ওয়ালেন্সটেইন

মৃত্যুবরণ করেন।
১৭১৩ – প্রুশিয়ার রাজা প্রথম ফ্রেডরিক মৃত্যুবরণ করেন।
১৭২৩ – ইংরেজ স্থপতি ক্রিস্টোফার রেন মৃত্যুবরণ করেন।
১৮৬৪ – মাকির্ন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উইলিয়াম হেনরী হ্যারিসনের সহধর্মনী ও মার্কিন রাষ্ট্রপতি বেনজামিন হ্যারিসনের নানী অ্যানা হ্যারিসন মৃত্যুবরণ করেন।
১৮৬৬ – ইতালীয় দার্শনিক বেনোদেত্তো ক্রোচে মৃত্যুবরণ করেন। ১৮৯৯ – রয়টার সংবাদ সংস্থার জনক পল রয়টার মৃত্যুবরণ করেন।
১৯৫০ – নোবেল পুরস্কার বিজয়ী আমেরিকান ডাক্তার জর্জ রিচার্ডস মিনট মৃত্যুবরণ করেন।
১৯৫৩ – ইউক্রেনীয়-রুশ অণুজীববিজ্ঞানী ও বাস্তুতন্ত্রবিদ সের্গেই উইনোগ্রাডস্কি মৃত্যুবরণ করেন।
১৯৫৬ – ইরানের বিখ্যাত শিক্ষাবিদ ও কবি আলী আকবর দেহখোদা ইন্তেকাল করেন।
১৯৫৭ – কবি সুনির্মল বসু পরলোকগমন করেন।
১৯৬৫ – ব্রিটিশ বিমান বাহিনীর অফিসার ফিলিপ বেবিংটন মৃত্যুবরণ করেন।
১৯৬৬ – আমেরিকান ব্যবসায়ী জেমস ডি. নরিস মৃত্যুবরণ করেন।
১৯৭১ – নোবেল পুরস্কার বিজয়ী সুইডিশ রসায়নবিদ থিওডোর সভেডবার্গ মৃত্যুবরণ করেন।
১৯৮৩ – নাট্যকার টেনেসি উইলিয়াম মৃত্যুবরণ করেন।
১৯৭৫ – আমেরিকান ধর্মীয় নেতা এলাইজা মুহাম্মদ মৃত্যুবরণ করেন। ১৯৯৩ – ইরানের প্রখ্যাত আলেম ও ধর্মতত্ত্ববিদ আয়াতুল্লাহ মির্যা হাশেম আমোলী ইন্তেকাল করেন।
১৯৯৭ – আমেরিকান বেসবল খেলোয়াড় ক্যাল আব্রামস মৃত্যুবরণ করেন। ১৯৯৭ – রয়টার্স সংবাদ সংস্থার প্রতিষ্ঠাতা পল জুলিয়াস মৃত্যুবরণ করেন।
১৯৯৯ – নোবেল পুরস্কার বিজয়ী আমেরিকান রসায়নবিদ গ্লেন থিওডোর সিবোর্গ মৃত্যুবরণ করেন।
২০০৩ – ইতালিয়ান অভিনেতা আলবার্তো সরডি মৃত্যুবরণ করেন।
২০০৯ – আমেরিকান লেখক ফিলিপ হোসে ফার্মের মৃত্যুবরণ করেন।
২০১২ – আমেরিকান অভিনেত্রী মার্থা স্টুয়ার্ট মৃত্যুবরণ করেন। ২০১২ – সুইডিশ অভিনেতা ও পরিচালক এরলান্দ জোসেফসন মৃত্যুবরণ করেন।
২০১৪ – স্প্যানিশ গিটার, গীতিকার ও প্রযোজক পাকো ডে লুসিয়া মৃত্যুবরণ করেন।
২০১৫ – আমেরিকান জীববিজ্ঞানী ইউজেন ক্লার্ক মৃত্যুবরণ করেন।

দিবস:

বিএনপি নেতার লাশ উদ্ধার

সিরাজগঞ্জের চৌহালী উপজেলার যমুনায় মাছ শিকারে গিয়ে নিখোঁজ সেই বিএনপি নেতার মরদেহ উদ্ধার করা হয়েছে।

বুধবার সন্ধ্যায় পশ্চিম জোতপাড়াবাড়ির পাশে যমুনা নদী থেকে তার মরদেহ উদ্ধার করে টাঙ্গাইলের নাগরপুর উপজেলার ডুবুরি দল।

নিহত শিক্ষক নিজাম উদ্দিন উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক। তিনি কে কে জোতপাড়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক। তার বাড়ি একই এলাকায় বলে জানা গেছে।

খাষকাউলিয়া ইউপি চেয়ারম্যান শহিদুর রহমান জানান, দুপুরের দিকে শিক্ষক নিজাম উদ্দিন পশ্চিম জোতপাড়াবাড়ির পাশে যমুনায় কাটা (জঙ্গল দেয়া) উঠিয়ে মাছ ধরতে ডুব দিয়ে আর উঠে আসেনি। অনেক খোঁজ করেও তাকে পাওয়া যায়নি। পরে এলাকাবাসী জাল ফেলে তাকে উদ্ধারের চেষ্টা করেন।

পরে খবর পেয়ে টাঙ্গাইলের নাগরপুর থেকে একটি ডুবুরি দল দীর্ঘক্ষণ চেষ্টা করে বুধবার সন্ধ্যার পর নিজাম উদ্দিনের মৃতদেহ উদ্ধার করে।

এ বিষয়ে টাঙ্গাইল ডুবুরি দলের প্রধান মোস্তাফিজুর রহমান জানান, শিক্ষক নিজাম উদ্দিন নিখোঁজের কয়েক ঘণ্টা পর সন্ধ্যার দিকে যমুনা নদীর পশ্চিম জোতপাড়া থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়। মরদেহটি থানা পুলিশের মাধ্যমে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

এদিকে নিজাম উদ্দিনের মৃত্যুতে বিএনপি জাতীয় স্থায়ী কমিটির সদস্য সাবেক মন্ত্রী ইকবাল হাসান টুকু ও উপজেলা বিএনপির আহ্বায়ক সাবেক উপজেলা চেয়ারম্যান মাহফুজা খাতুন শোক প্রকাশ করেছেন।

ভূমধ্যসাগরে নৌকাডুবি, ৪১ অভিবাসীর মৃত্যু

আফ্রিকা থেকে ইউরোপে পাড়ি জমানোর সময় মধ্য ভূমধ্যসাগরে একটি নৌকাডুবির ঘটনা ঘটেছে।

এতে অন্তত ৪১ অভিবাসীর মৃত্যু হয়েছে বলে বুধবার জাতিসংঘের শরণার্থী ও অভিবাসন সংস্থা এক বিবৃতিতে জানিয়েছে। খবর আলজাজিরার।

গত শনিবার নৌকাডুবির এ ঘটনা ঘটে। পরে উদ্ধারকারী একটি জাহাজ ঘটনাস্থলে পৌঁছলে তার আগেই প্রাণ হারান এসব অভিবাসী।

জাতিসংঘের অভিবাসন সংস্থা জানিয়েছে, গত ১৮ ফেব্রুয়ারি অন্তত ১২০ অভিবাসীকে নিয়ে লিবিয়া উপকূল থেকে ইউরোপের উদ্দেশে রওনা দেয় নৌকাটি। যুদ্ধবিধ্বস্ত লিবিয়া থেকে উন্নত জীবনের প্রত্যাশায় তারা অবৈধ পথে ইউরোপে পাড়ি জমাচ্ছিলেন।

ডু্বতে শুরু করার প্রায় ১৫ ঘণ্টা পর একটি বাণিজ্যিক জাহাজ নৌকাটি উদ্ধারে সহায়তার জন্য এগিয়ে আসে।

এ সময় আরোহীরা সম্ভাব্য সব উপায়ে সাহায্য চাইতে থাকেন। এর মধ্যে ছয় ব্যক্তি পানিতে পড়ে মারা যান।

অবৈধ পথে ইউরোপে পাড়ি জমাতে ভূমধ্যসাগর ব্যবহার করে থাকেন অভিবাসনপ্রত্যাশীরা। দালালদের সহায়তায় নৌযানে চড়ে লিবিয়া উপকূল দিয়ে তারা এই পথ পাড়ি দেয়। প্রায়ই এতে হতাহত ও আটকের ঘটনা ঘটে। বহু বাংলাদেশিও এর শিকার হয়েছেন।

আলজাজিরার খবরে বলা হয়েছে, চলতি বছরে ভূমধ্যসাগরে এ নিয়ে ১১৮ জনের মৃত্যু হলো। আর ২০১৪ সাল থেকে মোট ১৭ হাজার মানুষের প্রাণহানি ঘটেছে ভূমধ্যসাগরে।

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সকালে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্র্ক মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
অটো রাইস মিল অনার্স এসোসিয়েশন ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মোয়াজ্জেম হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এ.কে.এম খোরশেদ আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মফিজ মিয়া এবং যুগ্ম-সাধারণ সম্পাদক ওমর ফারুক। বক্তারা, সরকারের কাছে তাদের দাবি আদায়ে সংগঠনের নেতা কর্মীদের আরও সংগঠিত হওয়ার আহ্বান জানান। সেই সাথে নিরাপদ চাল উৎপাদন ও ভেজাল রোধে মিল মালিকদের স্বচ্ছতার সাথে ব্যবসায় করার পরামর্শ প্রদাণ করেন। মতবিনিময় সভায় ঝিনাইদহসহ দেশের ২০ টি জেলার চালকল মালিকরা অংশ নেয়।

ঝিনাইদহে ঘর পেল অরও ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবার

ঝিনাইদহে ১০০ ভূমিহীন ও গৃহহীন পরিবারকে মুজিববর্ষের উপহার হিসেবে গুচ্ছগ্রামের ঘর বুঝিয়ে দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকালে সদর উপজেলার ফকিরাবাদ গ্রামের ‘বঙ্গবন্ধু পল্লী ও ধানমন্ডি-৩২’ গুচ্ছগ্রামের ঘর পাওয়া সুবিধাভোগিদের মাঝে ঘর বুঝিয়ে দেওয়া হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান এ্যাডভোকেট আব্দুর রশীদ, সদর উপজেলা কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এসিল্যান্ড খাঁন মোঃ আব্দুল্লা আল মামুন, নির্বাহী ম্যাজিস্ট্রেট শরিফুল

হক, এমএম নুরুন্নবী, তানভীর হাসান তুরান, কামরুজ্জামান সরকার, ভূমি কর্মকর্তা এমএ কাইয়ুম মুক্ত, পাগলাকানাই ইউপি চেয়ারম্যান এ কে এম নজরুল ইসলাম, ইউপি সদস্য আসাদুজ্জামান সুজন, চান মিয়া, নাজিম উদ্দিন বিশ্বাস ও সংরক্ষিত মহিলা সদস্য সালেহ বেগম। আলোচনা সভা শেষে লটারির মাধ্যমে সুবিধাভোগিদের ঘর বিভাজন করে বুঝিয়ে দেওয়া হয়। নতুন ঘর বুঝে পেয়ে খুশি হতদরিদ্র পরিবারগুলো।

দামুড়হুদার কাদিপুরে সাহাবুদ্দীন হাসুয়ার কোপে রক্তাত জখম: থানায় অভিযোগ

দামুড়হুদা উপজেলার গোবিন্দপুর গ্রামের আব্দুল্লার হাসুয়ার কোপে কাদিপুর গ্রামের সহাবুউদ্দীন রক্তাত জখম হওয়ার ঘটনায় দামুড়হুদা মডেল থানায় অভিযোগ হয়েছে।
অভিযোগ সূত্রে জানা যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের মৃত ফেলু মালিতার ছেলে সাহাবদ্দীন বেনাগাড়ি মাঠে প্লাস্টিকের পাইপের মাধ্যমে ধান ক্ষেতে পানি নিচ্ছেলো।
এ সময় গোবিন্দপুর গ্রামের দুলুর ছেলে আব্দুল্লার জমির উপর দিয়ে পাইপ যাওয়ায় রাগান্বিত হয়ে সাহাবুদ্দীনকে গালিগালাজ করতে থাকেন। পরে সাহাবুদ্দীন গালিগালাজ করতে নিষেধ করলে আব্দুল্লা দেশীয় অস্ত্র হাসুয়া দিয়ে সাহাবুদ্দীনের মাথায় কোপ মারলে রক্তাত জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়ে। তার ডাক চিৎকারে মাঠের লোকজন তাকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। কর্তব্যরত চিকিৎসক বলেন তার মাথায় মারাত্মক আঘাত হয়েছে, সেলাই দিয়ে হাসপাতালে ভর্তি রাখেন। পরে দামুড়হুদা মডেল থানায় আহত সাহাবুদ্দীনের ছেলে ঠান্ডু বাদী হয়ে থানায় একটি অভিযোগ দায়ের করেন। এদিকে আহতের অবস্থা খারাপ হলে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন বলে আহতের পরিবারের পক্ষ থেকে জানা গেছে।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল খালেক জানান সাহাবুদ্দীন নামের এক জনকে কোপ মেরে আহতের ঘটনায় তার ছেলে

ঠান্ডু বাদী হয়ে আব্দুল্লার নামে অভিযোগ দায়ের করেছেন।

নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মতিউরের বাড়িতে স্ত্রীর দাবী নিয়ে ১ সন্তানের জননীর অবস্থান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক, কার্পাসডাঙ্গা ইউনিয়নের হরিরামপুর গ্রামের মাঝপাড়ার আকের মন্ডলের ছেলে মতিউর এর বাড়িতে মেহেরপুর থেকে ১ সন্তানের জননী তার স্ত্রীর দাবী নিয়ে গতকাল বুধবার বিকাল ৪ টার দিকে তার বাড়িতে অবস্থান নেই। পরে মেয়েটিকে শারিরীক নির্যাতন করে বাড়ি থেকে বিতাড়িত করে মতিউরসহ তার পরিবারের লোকজন।
গ্রামের বেশ কয়েকজন নাম না প্রকাশ করার শর্তে জানান মেয়েটি দাবী করে ২০০৮ সালে তাকে মতিউর বিয়ে করে। তার একটি সন্তানও রয়েছে। মতিউরের সংসারে স্ত্রী ও তার পক্ষের দুটি সন্তান রয়েছে। ঘটনার পর থেকেই শিক্ষক মতিউর আত্মগোপনে রয়েছে। এ বিষয়ে জানতে মতিউরের সাথে কথা বলার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। এ বিষয়ে স্থানীয় ইউপি সদস্যর সাথে কথা বললে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন মেহেরপুর থেকে একটা মেয়ে এসেছিলো তার স্ত্রীর দাবী করে। এ বিষয়ে জানতে নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে কথা বললে তিনি এ বিষয়ে কিছু জানেন না বলে জানান। তবে তিনি জানান মতিউর মাস্টারের মোবাইল তার চাচারা নিয়ে নিয়েছে তার সাথে কোন যোগাযোগ করতে পারছেন না তিনি।